

শিক্ষামন্ত্রীর সঙ্গে শিক্ষক
সমিতি ফেডারেশন
নেতাদের বৈঠক

বাংলাদেশ শিক্ষক সমিতি
ফেডারেশনের প্রায় কমিটির নেতৃবৃন্দ
ফেডারেশনের সেক্রেটারী জেনারেল
প্রিন্সিপাল এ কে এম শহীদুল্লাহ-এর
নেতৃত্বে গতকাল সোমবার শিক্ষামন্ত্রী
শেখ শহীদুল ইসলামের সাথে
বাংলাদেশ সচিবালয়ে এক সভায়
মিলিত হন। খবর তথ্য বিবরণীর।
শেষ পৃষ্ঠায় ৫ম কলাম

শিক্ষামন্ত্রীর সঙ্গে

প্রথম পৃষ্ঠায় পর

সভায় রাষ্ট্রপতির ঘোষণার
আলোকে সরকারী ও বেসরকারী স্কুল,
কলেজ ও মাদ্রাসার শিক্ষক ও
কর্মচারীদের বিভিন্ন সমস্যা সমাধানের
সর্বশেষ অগ্রগতি নিয়ে বিস্তারিত
আলোচনা অনুষ্ঠিত হয়।

শিক্ষামন্ত্রী সভায় জানান যে,
বেসরকারী শিক্ষকদের বেতন বাবদ
সরকারী মঞ্জুরির টাকা মাসে মাসে
প্রদানের ক্ষেত্রে পদ্ধতিগত জটিলতা
নিরসন করে অক্টোবর ও নভেম্বর
মাসের বেতনের চেক সংশ্লিষ্ট
ব্যাংকসমূহে গতকাল হস্তান্তর করা
হয়েছে এবং ডিসেম্বর মাসের টাকা
যাতে আগামী জানুয়ারী ১৯৯০ সালের
প্রথম সপ্তাহে শিক্ষকগণ পেতে পারেন
তার ব্যবস্থা নেয়া হচ্ছে। বেসরকারী
শিক্ষকদের জন্য জাতীয় শিক্ষক
কল্যাণ ট্রাস্ট গঠনের প্রক্রিয়া চূড়ান্ত
পর্যায়ে এসে পৌঁছেছে এবং শীঘ্রই তা
মন্ত্রী পরিষদের অনুমোদন লাভ করবে
বলে তিনি আশা প্রকাশ করেন।

সরকারী স্কুল ও কলেজ
শিক্ষকদের পদোন্নতির বিষয়ে
ইতিমধ্যেই কার্যকর ব্যবস্থা গৃহীত
হয়েছে এবং চলতি মাসের মধ্যেই
পদোন্নতির মাধ্যমে সরকারী স্কুল ও
কলেজের শূন্য পদ পূরণ সম্ভব হবে
বলে মন্ত্রী প্রতিনিধিকে আশ্বাস প্রদান
করেন। সরকারী স্কুল ও কলেজসমূহে
এনাম কমিটির রিপোর্ট অনুসারে পদ
সৃষ্টি ও তাদের চাকরি নিয়মিতকরণ
এবং টাইমস্কেল প্রাপ্তির বিষয়টিও
আলোচিত হয়।

সভায় অন্যান্যের মধ্যে অধ্যাপক এ
কে এম আলী রেজা, অধ্যাপক এ বি
এম জনাব আলী, অধ্যক্ষা মারেফা
খাতুন, মোঃ আজিজুল হক শাহ,
মাওলানা মোহাম্মদ উল্লাহ, মাওলানা
কাজী শরীফুল্লাহ, মোঃ মহিউদ্দিন
এবং মাওলানা মোঃ নূরুল ইসলাম
উপস্থিত ছিলেন।